দৈনিক জনকণ্ঠ

তারিখ 26 SEP 1996
পৃষ্ঠা ১০ কলাম ৭

# সংঘর্ষের পর উত্তেজনা ॥ কুষ্টিয়া ভার্সিটি কলেজ বন্ধ ঘোষণা

**কুষ্টিয়া, ২৫ সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতা) ।**- মঙ্গলবার থেকে কুষ্টিয়া সরকারী বিশ্ববিদ্যালয় কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করে ছাত্রছাত্রীদের হল ত্যাগের নির্দেশ দেয়া হয়েছে। ছাত্রদল ও ছাত্রলীগ কর্মীদের মধ্যে ধাওয়া পাল্টাধাওয়া এবং সংঘর্ষের পর উত্তেজনার প্রেক্ষিতে সোমবার রাতে শিক্ষক পরিষদের এক বৈঠকে কলেজ কর্তৃপক্ষ এই সিদ্ধান্ত নিয়েছে।

জানা যায়, সোমবার বেলা সাড়ে ১১টার দিকে বিশ্ববিদ্যালয় কলেজ ক্যাম্পাসে ছাত্রদলের নেতা-কর্মীরা একটি মিছিল বের করে। এই মিছিলটি কলেজ প্রদক্ষিণের পর কলেজের প্রধান গেটের সামনে সমাবেশের আয়োজন করে। এখানে ইতোপূর্বে ছাত্রলীগের কর্মীরা অবস্থান করছিল। এ সময় উভয় দলের কর্মীদের মধ্যে বাকবিতণ্ডার এক পর্যায়ে ধাওয়া পাল্টাধাওয়া ও সংঘর্ষ বেধে যায়। এ সময় হোস্টেলের বেশ কয়েকটি কক্ষ ভাংচুর হয়। রবিবার দৌলতপুর কলেজের ছাত্র ছাত্রদল কর্মী জাহীদুল ইসলাম (২২)কে পিটিয়ে হত্যার প্রতিবাদে ছাত্রদল বিশ্ববিদ্যালয় কলেজ ক্যাম্পাসে এই মিছিল বের করে।

এ ঘটনার পর পরিস্থিতির আরও অবনতি হবার আশঙ্কায় শিক্ষক পরিষদ সোমবার রাতে এক জরুরী বৈঠকে মিলিত হয়ে কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করে এবং মঙ্গলবার সকালের মধ্যে ছাত্রছাত্রীদের হল ত্যাগের নির্দেশ দেয়।